

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২৪, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(সিটি কর্পোরেশন ২ শাখা)

প্রত্তিপন

তারিখ, ৬ চৈত্র ১৪১৯ বঙ্গাব্দ/২০ মার্চ ২০১৩ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৭৬-আইন/২০১৩।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯
(২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২০, ধারা ৪ (১) এর স�িত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে
সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। বিধিমালার নাম।—এই বিধিমালা স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) সীমানা পরিবর্তন
(সম্প্রসারণ এবং সংকোচন) বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) “আইন” অর্থ স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের
৬০ নং আইন);

(খ) “সিটি কর্পোরেশন” অর্থ আইনের ধারা ২ (১৪) এ সংজ্ঞায়িত কোন সিটি
কর্পোরেশন।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ ও
অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

(১৮৬৩)

মূল্য : টাকা ৮.০০

৩। সিটি কর্পোরেশনের এলাকা সম্প্রসারণ।—সিটি কর্পোরেশন সংলগ্ন কোন এলাকাকে সিটি কর্পোরেশনের সীমানার অন্তর্ভুক্ত করিতে হইলে নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ করিতে হইবে, যথা :—

- (ক) প্রস্তাবিত এলাকার অন্তর্নিহিত তিন-চতুর্থাংশ অধিবাসী পূর্ণ বয়স্ক নারী ও পুরুষ এবং অকৃষিজীবী হইতে হইবে;
- (খ) প্রস্তাবিত এলাকায় শিল্প প্রতিষ্ঠান থাকিতে হইবে এবং উহা বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ হইতে হইবে;
- (গ) প্রস্তাবিত এলাকায় অবকাঠামোগত সুবিধাদি থাকিতে হইবে, যাহা ভবিষ্যতে সম্প্রসারণ করা যাইবে; এবং
- (ঘ) প্রস্তাবিত এলাকা সিটি কর্পোরেশনের সীমানার অন্তর্ভুক্তকরণের বিষয়ে স্থানীয় জনমত অনুকূলে থাকিতে হইবে।

৪। সিটি কর্পোরেশনের এলাকা সংকোচন।—সিটি কর্পোরেশনের সীমানার অন্তর্ভুক্ত কোন এলাকাকে নিম্নবর্ণিত কোন কারণে সিটি কর্পোরেশনের সীমানা হইতে বহির্ভূত করা যাইবে, যথা :—

- (ক) নদী ভাঙ্গন, ভূমিকম্প বা অন্য কোন প্রাকৃতিক দুর্ঘাগের কারণে সিটি কর্পোরেশনের সীমানা সংকোচনের প্রয়োজন হইলে;
- (খ) সিটি কর্পোরেশনের বার্ষিক আয় ১০ (দশ) কোটি টাকার কম হইলে; অথবা
- (গ) স্থানীয় জনগণ প্রস্তাবিত এলাকাকে সিটি কর্পোরেশনের সীমানা বহির্ভূতকরণের অনুকূলে মতামত প্রদান করিলে।

৫। সিটি কর্পোরেশনের এলাকা সম্প্রসারণ বা সংকোচন সম্পর্কিত গণবিজ্ঞপ্তি।—

(১) সেনানিবাস এলাকা ব্যতীত কোন এলাকাকে সিটি কর্পোরেশনের সীমানার অন্তর্ভুক্ত অথবা কোন এলাকাকে সিটি কর্পোরেশনের সীমানা-বহির্ভূত করিতে চাহিলে সরকার সংশ্লিষ্ট জেলা প্রশাসককে প্রস্তাবিত এলাকার অধিবাসীগণের নিকট হইতে সিটি কর্পোরেশনের এলাকা সম্প্রসারণ বা সংকোচন সম্পর্কে পরামর্শ বা আপত্তি আহ্বান করিয়া গণবিজ্ঞপ্তি জারির নির্দেশ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন গণবিজ্ঞপ্তি জারির নির্দেশনা প্রাপ্তির পর সংশ্লিষ্ট জেলা প্রশাসক সংশ্লিষ্ট এলাকার মৌজা বা মৌজাসমূহের জে, এল, নম্বর ও নামসহ, প্রয়োজনীয় ক্ষেত্রে দাগ নম্বরসহ, সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য তথ্য, যদি থাকে, উল্লেখপূর্বক গণবিজ্ঞপ্তি জারি করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন গণবিজ্ঞপ্তি বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজী জাতীয় পত্রিকায় এবং একটি স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে এবং ইহার অতিরিক্ত হিসেবে সংশ্লিষ্ট এলাকার কয়েকটি বহুল পরিচিত প্রকাশ্য স্থানে ঝুলাইয়া দিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন গণবিজ্ঞপ্তি জারির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট এলাকার যে কোন অধিবাসী গণবিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়ে তাহার পরামর্শ বা আপত্তি থাকিলে উহা জেলা প্রশাসকের নিকট দাখিল করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন কোন পরামর্শ বা আপত্তি প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট পক্ষকে প্রয়োজনীয় শুনানীর সুযোগ প্রদান করিয়া জেলা প্রশাসক সিটি কর্পোরেশন এলাকা সম্প্রসারণ বা সংকোচন সম্পর্কে তাহার মতামত সরকারের নিকট প্রতিবেদন আকারে প্রেরণ করিবেন।

৬। সিটি কর্পোরেশন এলাকা সম্প্রসারণ বা সংকোচন সংক্রান্ত প্রজ্ঞাপন জারী।—বিধি ৫ এর উপ-বিধি (৫) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর সরকার কোন সিটি কর্পোরেশনের এলাকা সম্প্রসারণ বা সংকোচনের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিলে, যে তারিখ হইতে উক্ত এলাকা সিটি কর্পোরেশনের সীমানার অন্তর্ভুক্ত বা বহির্ভূত হইবে উহা উল্লেখ করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারী করিবে।

৭। বিশেষ বিধান।—বিধি ৬ এর অধীন প্রজ্ঞাপন জারির প্রেক্ষিতে যদি কোন পৌরসভা বা ইউনিয়ন পুনর্গঠনের প্রয়োজনীয়তা দেখা যায়, তাহা হইলে সরকার উক্ত পৌরসভা বা ইউনিয়ন পুনর্গঠনসহ উহার কর্মচারী, সম্পদ এবং দায়-দায়িত্ব বর্ণন সম্পর্কে যেরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৮। রাহিতকরণ ও হেফাজত।—(১) ঢাকা সিটি সীমানা পরিবর্তন বিধিমালা, ১৯৯৭, রাজশাহী সিটি সীমানা পরিবর্তন বিধিমালা, ১৯৯৭, চট্টগ্রাম সিটি সীমানা পরিবর্তন বিধিমালা, ১৯৯৭ এবং খুলনা সিটি সীমানা পরিবর্তন বিধিমালা, ১৯৯৭ এতদ্বারা রাহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রাহিতকরণ সম্বন্ধে রাহিত বিধিমালাগুলির অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং গৃহীত কোন কার্যক্রম নিষ্পন্নাধীন থাকিলে উহা রাহিত বিধিমালার অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু আলম মোঃ শহিদ খান
সচিব।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd